কালের কণ্ঠ

তারিখ 14 OCT 2017

পৃষ্ঠা ... কলাম ...

### কালিয়াকৈরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

# কালিয়াকৈরে হবে বঙ্গবন্ধু ডিজিটাল বিশ্ববিদ্যালয়

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি ▷**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাইটেক সিটির ভেতরে ৮০ বিঘা জমিতে শিগগিরই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয় নির্মাণ করা হবে। বিশ্ববিদ্যালয়টি পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রালয়ের মাধ্যমে ভিসি খোঁজ করা হচ্ছে। চলছে আইন প্রণয়নের কাজও।

গতকাল শুক্রবার দুপুরে গাজীপুরের কালিয়াকৈর উপজেলা পরিষদ মিলনায়তনে কালিয়াকৈর প্রগতিশীল ফোরাম আয়োজিত কৃতি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মন্ত্রী।

কালিয়াকৈর প্রগতিশীল ফোরামের নিরাপত্তা পরিষদের চেয়ারম্যান সহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী, কালিয়াকৈর উপজেলা পরিষদের চেয়ারম্যান রেজাউল করিম রাসেল, উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইসমত আরা, কালিয়াকৈর পৌরসভার মেয়র মজিবুর রহমান প্রমুখ।

মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'ধন-সম্পদ বণ্টন করা যায়। কিন্তু শিক্ষা এবং জ্ঞান একমাত্র সম্পদ, যা বণ্টন করা যায় না। এটা নিজেকে অর্জন করতে হবে। তোমাদের লক্ষ্য থাকতে হবে। জীবনে লক্ষ্য না থাকলে কোনো কিছুই অর্জন করা সম্ভব নয়। আমাদের দেশের কোনো লক্ষ্য ছিল না। তাই প্রধানমন্ত্রীর লক্ষ্য ছিল দেশকে মধ্যম আয়ের দেশ এবং ডিজিটাল দেশ হিসেবে গড়ে তোলা। এরই মধ্যে দেশ ডিজিটালের দিকে অনেক এগিয়ে গেছে।'

পরে অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন এলাকার দরিদ্র ও মেধাবী ২৪ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান এবং ২০১৭ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত ১৫০ জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

পরে বিকেল ৪টার দিকে মন্ত্রী উপজেলার সফিপুর এলাকার মালেক চৌধুরী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত বহুতল ভবন উদ্বোধন করেন। ওই সময় উপস্থিত ছিলেন কালিয়াকৈর উপজেলা পরিষদের চেয়ারম্যান রেজাউল করিম রাছেল, বিদ্যালয়ের দাতা এম এ মতিন চৌধুরী, বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি অ্যাডভোকেট হারুন অর রশিদ প্রমুখ। এ ছাড়া বিকেল ৩টার দিকে সফিপুর এলাকায় মন্ত্রী কালিয়াকৈর পৌরসভার ৩ নম্বর সার্কেলসংলগ্ন পৌর পার্ক উদ্বোধন করেন।